Quest



An Academic Journal

Quest An Academic Journal

ULUBERIA COLLEGE Uluberia, Howrah



# Quest

An Academic Journal

#### Editor:

Dr. Aditi Bhattacharya

#### Editorial Board:

Dr. Debasish Pal, Dr. Siddhartha Sankar Bhattacharya,
Dr. Momotaj Begam, Sm. Chandana Samanta,
Sri Dipak Kumar Nath

An Academic Journal Vol 5, 2009-2010

Printed by : Charulekha Printer

Uluberia, Howrah Ph. No.- 26610076

## Forntispiece:

Couriest:

Living Biographies of Great Philosophers By Henry Thomas and Dar Lee Thomas Garden City Publishing Co., Inc., New York

# Content

	Section - I		
	জয় গোহামী ও মালতীবালা বালিকা বিন্যালয়	ভঃ মমতাজ বেগম	1-4
	'চিরঞ্জীব শরদিন্দু মনন : মূল্য বোধ,		
	নন্দন ও আধুনিকতার দিশারী'	পিউ ভট্টাচার্যা	5-9
	পাবলো নেরুলা : কবি ও কাব্যিকতা	সূপ্রিয় ধর	10-15
	अरबाताः -	হেমন্ত বিপাঠী	16-20
	Section - II		
	Value of Philosophy	Dr. Aditi Bhattacharya	21-23
	Prospering Thalland - India		
	Economic Partnership	Tuhina Sarkar	24-28
	নাগার্জুনের মৃলমধামককারিকা অবলয়নে		
4	বৌদ্ধ দৃষ্টিভঙ্গিতে কাল এর অন্তির	জয়িতা দৰ	29-33
	Section - III		
	Giant Magnetoresistance		
	(GMR) and its Role in	Dr. Gautam Kumar Mallik	34-53
	IT Revolution		
	Species without border	Dr. Siddhartha Sankar Bhatt	acharya
			54-56
•	Mechanism of Oxoallopurinol -		
	A Uric Acid loweing Drug.	Dr. Bireswar Mukherjee	57-61
	Incredible Natural Abundance		
	double Quantum Transfer		
	Experiment	Dr. Bireswar Mukherjee	62-65
	(2d-Inadequate) : 13C - 13C Conne	ectivity	
	<ul> <li>নতুন স্বা দ্ববমুক্ত পরমানু শক্তি দাও</li> </ul>	ডঃ গোপেন্দ্র নাথ রায়	66-68
	যোগাযোগ বাবস্থায় বিস্ময়কর পরিবর্তন -		
	রেডিও থেকে ইনটারনেট	ডঃ গোপেন্দ্র নাথ রায়	69-86
	Section - IV		
	Globalisation and food Security	Dinak Kumar Nath	87-104




# Editorial


'Quest'- our Academic Journal first came out in 2005. Since then, three more issues appeared upto 2008. Though we have applied for the Registration of the Journal, we have yet to receive the registration number. We understand that it is still in process. However, academic matters at our end cannot be kept in abeyance. Ideas sprout; questions raised in the course of daily teaching suddenly trigger a new adventure in ideas; old themes ramify into new directions or at least yeild themselves to new interpretations; new areas of knowledge need to be understood and appraised; science opens up new vistas and research takes wings. And this journal may well be the cradle of these ideas or at least a granary of fresh harvest as before.

So, once again we have ventured to put together the contributions of our faculty-members. The buds that they fostered sometimes with zest, sometimes with trepidation, now updated in these pages.

Once again, we hope to bask in the warmth of your support. Which is not to say, however, that we will not stand chastened by the lessons thrown up by your critical appraisal of the ideas expressed in these pages. New lamps may burn where we have not taken enough care to ignite the spark.



Section I Literature



# জয় গোস্বামী ও মালতীবালা বালিকা বিদ্যালয়

ডঃ মমতাজ বেগম বঙ্গভাষা ও সাহিত্য বিভাগ

'জর ছোট ছোট ছবি, ছোট ছোট অনুভূতি আর দেখা, দ্রুত যাত্রাপথে পড়ে থাকা চেনা বস্তু আর ঘটনা তার কবিতার সম্পৃক্ত করেছেন।' (নৃপেন সান্যাল/আনন্দবাজার, ২৫ শে নভেম্বর, ১৯৯৫)

কবিতাকে নিজের রক্ত মজ্জার সঙ্গে জড়িয়ে নিয়েছিল বলেই জর গোস্বামী এক স্বতন্ত্র পথ নির্মাণ করতে পেরেছেন বাংলা কাব্যাসনে। এক শালিত বৈচিত্রাপূর্ণ বিষয় তার কবিতাকে যেমন দিয়েছে দীপ্তি তেমেনি আজিক সচেতনতার কঠিনতর সাধনার বিজ্ঞয়লজীর জয়মালা পরিয়ে দিয়েছে অনায়সে। সংসারে যা কিছু অচ্চ্যুত, অচেনা অথবা আবরলে ঢাকা তাকেই অনায়াসে তুলে এনেছেন কবিতায়। বিংশ শতাব্দীর শেব দিক থেকে যিনি (১৯৭০ থেকে) কাব্য রচনা করে প্রেম, প্রতিবাদ, প্রতিহিংসা ও জীবনের নানা জলছবিকে টেনে বের করে এনেছেন মুখোলের আড়াল থেকে। তার অসংখ্য কাব্যায়ের মধ্যে উল্লেখযোগ্য হল- 'জীসমাস ও শীতের সন্টেভছে' (১৯৭০), প্রত্নজীব (১৯৭৮), আলেয়া হুদ (১৯৮১), উন্মাদের পাঠ্যক্রম (১৯৮৬), ভূতুম ভগবান (১৯৮৮), ঘূমিয়েছ করাপাতা (১৯৮৯), আজ যদি আমাকে জিলোস করো (১৯৯১), গোলা (১৯৯১), পাগলী তোমার সঙ্গে (১৯৯৪), 'বল্লবিদ্যুং-ভর্তি থাতা' (১৯৯৫), 'পাখি ঘুঁস' (১৯৯৫), 'ও! স্বপ্ন' (১৯৯৯) 'পাতার পোষাক' (১৯৯৯) 'সূর্যপোড়া হাই' (২০০০) প্রভৃতি।

বর্তমান যুগের অন্যতম রোমান্টিক কবি জয় গোস্বামী। বীভৎস কন্ধাল করোটি ভরা পথ অভিক্রম করতে করতে কখনো ফ্রান্তি অনুভব করেননি তিনি প্রেমের মধ্যে অপ্রেমের বাস্তব চেহারাকে ফুটিয়ে তুলেছেন। প্রেম সম্পর্কে কবির বক্তব্য-

'প্রেম আমার কাছে আলো আধার একটা প্রাচীন ধারণা হিসেবে নয়, একেবারে দিনের আলোর মতেই সতা। প্রেম আমার কাছে নিভূত আনন্দ বেদনার জিনিস।' ফেদরে প্রেমেরশীর্য পৃ: ৫১) এমনই একটি কবিতা 'মালতীবালা বালিকা বিদ্যালয়।' একটি নামহীন কালো মেয়ের জীবনপাঠ সংসার বিদ্যালয়ে কতথানি জায়গা প্রেছে তারই নাটকীয় উপস্থাপন কবিতাটি। রবীন্দ্রনাথ ঠাকুর তার 'হঠাৎ দেখা' কবিতায় বলেছেন- 'রাতের সব তারাই আছে দিনের আলোর গভীরে'। আমাদের জীবনের সব স্মৃতি থেকে যায় বাস্তবের প্রথর, কঠিন আলোর অন্তরালে। একদিকে এই কবিতাটি প্রেমের কবিতা, অনাদিকে প্রতিবাদী কণ্ঠসরের কবিতা অথবা প্রেমিকের অন্যায় আবদারের বিরুদ্ধে বিক্ষোন্ডে, হতাশার, অবক্ষয়ে প্রশ্নে মেয়েটির মুখরিত হওয়ার কবিতা। এর সদৃত্তর কোথাও নেই যেন।

কবিভাটি শুরু হয়েছে গল্পের ছলে। বেণীমাধব যে পুরুষ সমাজের প্রতিনিধি, নায়িকার সঙ্গে তার পরিচয় ঘটে বয়ঃ সন্ধিক্ষণের উচ্চাঙ্গ মৃতুর্তে (নবম শ্রেণী) পরণে শাড়ি যা পরিপূর্ণ বাঙালী নারীর পরিচিত চিত্র।

> 'আমি তখন নবম শ্রেণী, আমি তখন শাড়ি আলাপ হলো, বেনীমাধব, সূলেখাদের বাড়ি।'

সকল নারীর হয়ে জয় গোম্মামী নারী সুলভ আবেগ, মনন্তাত্বিকতা, পুরুষের সারিধালাভ প্রভৃতিকে ফুটিয়ে তুলেছেন। মেধাবী ভালো ছেলে বেশীমাধব সন্তায় পাওয়া এই কালো মেয়ের শরীর মনে জাগিয়ে দেয় প্রবৃত্তির তীর ক্ষূধাকে, ঘর বাঁধার স্বপ্রকে, নির্মম অবস্থান থেকে উচ্চ অবস্থানে উত্তীর্দের বাসনাকে। কিন্তু সামাজিক অবস্থানের বিচারে এ মেয়ে মানানসই নয়, কারণ সে কালো এবং তার বাবা দোকানে কাজ করে। সময়ের বহু ঘূর্নাবর্তে বেনীমাধবরা ঠাকাতে থাকে মেয়েদের ভালো ছেলের হওয়ার গৌরবে। বেণীমাধবের নতুন প্রেমিকের কথা জানতে পেত্রে তার হৃদর যেমন জুড়িয়েছিল তেমেনি পুড়িয়েছিল। নিজের হীনমনাতা ও ঈর্বা একই সাথে কাজ করেছে। অন্তর বেদনার এই বৈপরিতা মানুষের গভীর মনের চেহারাকে প্রকাশ করেছে। ছন্দের তালে তালে দুলে ওঠা শরীর মন পুরুষের সামিধ্য পেয়ে যখন বঞ্চিত হয় তথন সমাজের দৃষ্টিতে সে হয় 'নষ্ট মেয়ে', 'পচা শশা', বা 'পচা চালকুমড়ো'। কিন্তু যার জন্য তার এ দৃগতি সে জায়গা করে নেয় সমাজের উচ্চকোটিতে। তার ভাল চাওয়া ছাড়া অনা কিছু করার থাকে না। কারণ যে প্রেমের মধ্যে থাকে শুকানো ইতিহাস, জীবন সেতৃ নয়, সে প্রেম যে মুখ খ্বড়ে পড়বে তা বলাই বাহল্য। জীবনের কৌশলগত শিক্ষা আয়ত্ব করার জনা ব্যবহার করেছে মেয়েটিকে বেণীমাধব, আর মেয়েটি অন্ত মেলাতে পারেনি জীবনের। ভুল অঙ্কের ছকে শেষপর্যন্ত জীবন শতসহস্র সেলাই ও তালিতে বন্দী, যেখানে কোন স্বতন্ত্ৰতা নেই।

'আমি এখন এই পাড়ায় সেলাই দিদিমনি'। গুধু সে নয় এমন নাম পরিচয়হীন মেয়েরা প্রজন্মের পর প্রজন্ম ধরে এমনই ভূলের স্বীকার — রাতে যখন ঘুমোতে যাই একতলার ঘরে মেঝের উপ বিছানা পাতা, জ্যোৎসা এসে পড়ে আমার পরে যে বোন ছিলো চোরাপথের বাঁকে মিলিরে গেছে, জানি না আজ কার সঙ্গে থাকে আজ জুটেছে, কাল কী হবে কালের ঘরে শনি'

প্রথানেই দেখা খাছে একতলার অর্থাৎ নিমাবিরের মাটি লাগা জীবন থেকে ব্যরা উঠতে পাত্র না অব্দ্র জানালার ফাঁক দিরে আসা রহসাময় মধুর আলার হাতছানি বারবার তামের হিসেবে ভূল ঘটায়। বঞ্চিত মেরেটির অন্তরে নির্মল প্রেমের দীপের নিভূ নিভূ লিখাকে বার্থভাবে আঁকড়ে রাখার চেটা আধুনিক নারীর অন্তর বাইজের ছব্দে পরিস্ফুট। জীবন ইতিহাসের চোরাপথে হারিরে যায় এমন কত মানুয — ইতিহাস অমের হিসাব রাখে না এমন কি তামের চোথের জালের মূলাও দেয় না কেউ। জীবনে বথার্থ সঙ্গীর অভাবে ক্ষণকালের মায়াবী অবস্থাকেই সতা বলে খ্রীকার করে নিতে বাবা হয় ভারা। ভবিষাতের ঘর-শনি লাগা অক্ষরার।

কবিজাটির শেষ দৃটি লাইন যেন জ্বনন্ত প্রতিবাদ – 'তবু আগুন, বেণীমাধব, আগুন জ্বলে কই ? কেমন হবে, আমিগু যদি নট্ট মেয়ে হই ?'

আবৃত্তির আগুন, জীবনের আগুনের বা সতাকে স্বাকীর করার প্রশ্নে এখনও প্রশ্ন থেকেই যায়। নিজেকে সামলে রেখে সেলাই দিদিমদি হয়েছে সে কিন্তু সেও ভেসে যেতে পারতো সমজের শ্রোতে। দুর্যোচার, প্লাবনের মধ্যেও নিজেকে সেলাই করে রেখেছে। মৃত অথবা প্রায় মৃত হয়ে অজ্ঞশ্র প্রশ্নকে মনে প্রাণে যুটিয়ে তোলা হাড়া যেন তার আর কিছুই করার থাকে না।

জীবনের বর্ণপরিচরটা আমাদের শেখা হয় না সঠিকভাবে। অই বার বার ফেল করি। অসভাতার কালো ধোঁয়ার অভিক্রের প্রতিটি হাড় বখন করলা হয়ে যার তখনও অ চামড়ার প্রলেপে ঢাকা থাকে। জরগোমানী প্রেমকে দেখেছেন আগাগোড়া। একেবারে জন্মমূহূর্ত থেকে তার পথ চলা শুরু হয়। আজকের প্রেম শুধু দুই হৃদরের চাওয়া পাওয়ার স্বপ্ন নর বরং বলা যার দুই সামাজিক, রাজনৈতিক, অর্থনৈতিক ভূমির বান্তব হিসেবী পটভূমি।

জন্ম গোস্বামীর এ কবিতা মস্তিষ্ট নির্ভন কবিতা নয়, হৃদরনির্ভন কবিতা। একটা ট্রনটনে জনুভূতি নিয়ে পাঠক মানুষের নতুন রঙকে চিনে নের। কবির নিজের কথাতেই কবিতার বৈশিষ্ট্য উঠে আসে —

- 'কবিতায় কী দরকার, কী দরকার নয়। য়া মনে আসে লিখি।' (কবিতা প্রতিমাসে — সাক্ষাতকার)
- 'ষীকার করব, আমি আত্মজীবনীই লিখতে চেটা করি। এই পৃথিবীতে, পৃথিবীর বাইরেও আমার জীবদ্দশায় যা কিছু ঘটছে, ঘটরে। সবই আমার আত্মজীবনী।'
   (হৃদয় প্রেমের শীরে), পৃঃ ১৪।

শব্দ বাবহার, ছলের প্রয়োগ এবং স্বহাদয় অনুরাগ ও অনুভবে তাঁর কবিতা একেবারে মানব জীবনের আঁতে গিয়ে ঘা লাগায়। আমাদের সভ্যতা অনেক এগিয়েছে, বদলেছে মানুবের ভাব-ভাবনাও, কিন্তু পুরুষতাদ্রিক সমাজে নারীর অবস্থান — কালো-ফর্সা, উচ্চ-নীচ, ধনী-দরিদ্র অথবা নষ্ট মেয়ের জায়গা থেকে খুব বেশী বদল হয়নি। প্রেম বা দাম্পত্য জীবন যে কোনো ফ্রেমের দিকে তাকানো যাক না কেন দোরের ভাগীদার হয় মেয়েরাই — কখনো না বলা অর্জস্কুট আচরলে, কখনো বা হিংপ্রতায়। আজকের মেয়েরাও যেন বলতে পারে —

'কেমন হবে আমিও যদি নষ্ট মেয়ে হই ?' আমাদের হৃদয়ের প্রেমের গল্প অধরাই থেকে যায়।

জর গোস্থামীর অধিকাংশ প্রেমের কবিতাই অপ্রেমের যান্ত্রণার কাতর, বিছল ও ব্যাথাতুর। প্রেমের পিচ্ছিল পথে সরে দাঁড়াতে দাঁড়াতে মানুবের যে বান্তব অবস্থা হয় তা অব্যক্ত অকল্পনীয়ই থেকে যায় অন্যপক্ষের। সেদিন প্রশ্ন জাগে —

'বেণীমাধব, এখন কি আর আমায় মনে পড়ে ?'

উত্তর আসে না। অসাধারণ এই নাটকীয় বাক্প্রতিমা জীবনের স্বরূপকে জীবন্ত করেছে। নারীমনের কাশ্বিত বাসনার অচরিতার্থতা, বঞ্চনার সহজ্ঞ সরল উপস্থাপন এই কবিতা। অন্য নারীর সঙ্গে বেণীমাধবকে দেখলেও ভারতীয় কল্যাণবোধ, প্রেম-প্রীতি-ভাগের মহত্ব থেকেই সে বলতে পেরেছিল — 'ওদের ভালো হোক'।

# 'চিরঞ্জীব শরদিন্দু মনন স্থা বোধ নন্দন ও আধুনিকতার দিশারী'

পিউ ভট্টাচার্যা শিক্ষা শিক্ষণ বিভাগ

শরদিন্দু রচনা সমন্তকে (প্রথম - নাদশ খন্ড) বিষয় ভিত্তিক বিশ্লেষণ করলে প্রথমেই ঐতিহাসিক গল্প ও উপন্যাস, গোল্রেন্দা গল্পকাহিনী, রোম্যান্টিক উপন্যাস, নানা স্বাদের হেটিগল্পের সংগ্রহ ও কিশোর সাহিতা — এই পাঁচ ভাগে ভাগ করা যায়।

ঐতিহাসিক উপন্যাসগুলির কঠানো, সামাজিক ও পারিপার্শ্বিক পরিবেশ-পরিস্থিতি ও চরিত্র ব্নন — এই তিনটি লক্ষণে ইতিহাসের সেই সমকালীন দেশ-কাল-প্রাত্তর আশ্বাদ দেয়। গদাধারা তাঁর নিজস্ব ঘেমন সূবহ, সূত্রোত, পরিজ্ঞয়ঃ আভিজ্ঞাতাপূর্ণ তেমনি মনোহারী। ঐতিহাসিক স্থান-কাল-পাত্র কিভাবে স্বাদ্, স্বাজ্বসলিলা, প্রবহমান লেখনীর জাদৃতে কল্পনার নিটোল ছায়াছবিতে প্রাণসঞ্চার করে তাকে সূপরিবাহী ও অনায়াসগতি করে তোলে তার প্রতাক্ষ প্রমাণ উপরোক্ত গল্প ও উপন্যাসগুলি কোনটিই একঘেয়েমিতে আক্রনন্ত নয়। এক একটি গল্প বা উপন্যাসের উৎসধারা, পরিবেশ, ঘটনাক্রম ও চরিত্র সম্পূর্ণ পৃথক পৃথক কাহিনীপ্রোতের সৃষ্টি করেছে। ঐতিহাসিক কল্পনা যে কত মৌলিক চিন্তাধারার জন্ম দিতে পারে, এবং সেগুলি কত রকমের অভিনব গন্য ধারার রূপান্তরিত হয়ে যায়, তা এগুলিকে অভিনিবেশ সহকারে পাঠ করলে বোঝা যায়।

ইতিহাসের কাহিনী নিমেই আমানের দেশে গদা গল্পের সূত্রপাত। শশিচন্দ্র দত্ত ইংরেজীতে কিছু গল্প সিমেছিলেন ইতিহাস অবলম্বনে। ভূদেব মুখোপাধারে বাং দুটি গল্প লেখন। তার মধ্যে একটি 'অকুরীয় বিনিময়' যা বিষমচন্দ্রের 'দুর্গেশ নন্দিনীতে' কিছু ছায়া ফেলেছে। বিছমচন্দ্র ইতিহাসকে পশ্চাৎপট করে তার রোমান্সগুলিকে জমিয়ে দিয়েছেন। তার পর শশিচন্দ্রের স্নেহলালিত আতৃপুত্র রমেশচন্দ্র দত্ত রীতিমত ইতিহাস অনুগত উপন্যাস লিখলেন। এই ঐতিহাসিক উপন্যাসেরই খন্ড ছিন রূপ দেখা গেল হরি - সাধন মুখোপাধ্যায়ের গল্পে। তার পর এলেন যদুনাথ ভট্টাচার্য। বাংলার ইতিহাস থেকে কিছু বীর-পুরুষ বেছে নিয়ে কল্পনা মিশিয়ে উপন্যাস লিখলেন। তা স্বদেশী এবং ঐতিহাসিক হল বটে, কিছু ঠিক উপন্যাস হল না – পাঠকের মন ভোলাতে পারল না। তার পরে এলেন রাখাল দাস বন্দ্যোপাধ্যায় – তিনি ক্রিন ইতিহাসের গবেষক ও লেখক। তাই তারে উপন্যাস পড়লে ইতিহাস পাঠের ফল হয়। গল্পসঙ্গ আছে যদিও তা খাটি হলেও নবীন নয়। তিনি বিছিমচন্দ্রেই জের টেনেছিলেন।

সাধারণ পাঠকের কাছে রাখাল দাসের উপন্যাস বোধ হয় 'ময়ৃখ' ছাড়া, যতটা সমাদর পাওয়া উচিত ছিল, ততটা পায়নি। সে দোষ হয়ত সম্পূর্ণ সাধারণ পাঠকের নয়।

তার পরে এলেন শরদিন্দু বন্দ্যোপাধ্যায়। তিনি ঐতিহাসিক ছিলেন না, ছিলেন ইতিহাস পিপাসু পাঠক এবং ভক্ত। আগেকার লেখকদের মতো দুরবীনের চোগ্রার মধ্যে দিয়ে কিংবা নাকে দ্রদৃষ্টির চশমা এঁটে ইতিহাস হাতড়াননি। যেন চোখে কনট্যাই লেন্স লাগিয়ে ইতিহাসকে হাতের নাগালে পেয়েছিলেন। প্রাগৈতিহাসিক যুগ থেকে সপ্তদশ শতাব্দী পর্যন্ত শরদিন্দুর ঐতিহাসিক গল্পের কাল প্রসার। কোথাও গজের পরিবেশ গল্পরসের স্বাদ নট করে নি। দূরের দৃশাপটকে নিকটে এনে দূরের মানুবকে কাছের মানুব করতে পেরেছেন শরদিন্দু। তার সঙ্গে যুক্ত হয়েছে অসম্ভব আবেদনময় ঐতিহাসিক কল্পনা। এককথার হানাচিনির সুপক্ক আয়োজনে প্রকৃতই 'জলভরা সন্দেশ' হয়ে উঠেছে এগুলি। বন্ধিমচন্দ্রের ঐতিহাসিক উপন্যাসগুলিতে গুরুগন্তীর কারুকার্যরচিত পশ্চাৎপট, গুরুগন্তীর মেঘডম্বর ভাষা, অলৌকিক ও গুরুপাক প্রসঙ্গ-ডাবা-বিষয়, কল্পনার মন্দাক্রাস্তা হন্দ সব মিলিয়ে একটি অধরা জাঁকজমকপূর্ণ আড়ম্বরগামী রাজসভার সাহিত্যের জন্ম দেয়। শরদিন্দু অনেক কাছের মানুব। তাঁর গদা, তাঁর Style যেমন সুললিত তেমনি সুপ্রযুক্ত। দুরের মানুবকে কাছে টেনে আনে। কাছের নিবিড় আত্মিক বন্ধনকে সেকালের প্রেক্ষাপটে নিয়ে যায়। তাঁর শ্রেষ্ঠ ঐতিহাসিক উপন্যাস 'তুঙ্গভদ্রার তীরে'। এছাড়া আছে 'কালের মন্দিরা', 'গৌড়মন্নার', 'তৃমি সন্ধার মেঘ' ও 'কুমারসম্ভবেয় কবি'।

বাংলায় প্রথম মৌলিক ডিটেকটিভ গল্প কাহিনী ধারাবাহিক ভাবে লেখেন পাঁচকড়ি দে। অরিন্দম বসু এবং দেবেন্দ্রবিজ্ঞয় মিত্র-দাদা শ্বতর ও নাতজ্ঞামাই, এই দুজনের রহসাময় চিন্তায় আদানপ্রদানে জমে উঠেছে ডিটেকটিভ রস। অরিন্দমকে অনায়াসেই 'super slenth' চরিত্র বলা যায়। যেমন বলা যায় শার্লক হোমেসের দাদা মাইক্রফট হোমসকে। ব্যোমকেশ কিন্তু বিংশ শতাব্দীয় তৃতীয় দশকের বাঙালী যুবক। সুশিক্ষিত, মার্জিত, শালিত-ধী, মেধাবী, তীক্ল-দৃষ্টি, সংযত বাক্, কৌর্তৃকপ্রবল ও সহৃদয়। তার সঙ্গী অজিত-কল্পনা প্রবল, হৃদয়-বান ও বান্তবদীর্ণ। এই গুলগুলি তাকে ময়য়ী সুলেখকে পরিণত করেছে, কিন্তু সঠিক চিন্তক ও বান্তবচিন্তক তাকে কোনোমতেই বলা যায় না। শার্লক হোমসের যেমন ওয়াটসন, এরাকুল পোয়ারোয় যেমন হেন্টিংস। ডিটেকটিভ গল্পের প্রধান আকর্ষণ ডিটেকটিভের ব্যক্তিকে, তার আচরণে, বৃদ্ধি চাতুর্যে, এবং প্রত্যুৎপল্লমতিক্তে। ব্যোমকেশ অবশ্য ঠিক ডিটেকটিভ নয়। "ডিটেকটিভ শব্দটা বিচ্ছিরি, গোয়েন্দা শব্দটা আরো থারাপ, তাই নিজের খেতাব দিয়েছি সত্যান্ত্রেরী; ঠিক হয়নিং" ('সত্যান্ত্রেরী' গল্প)

শরদিশু কমবেশী ৩২ - ৩৩ টি বড়ো গল্প লিখেছেন ব্যোমকেশ ও অজিতকে নিত্র। বোমকেশের স্ত্রীর নামটি ও চমৎকার - 'সভ্যবতী'। 'অর্থমনর্থম' গজে ভালের প্রবাদ, অনুরাগও বিবাহের সূত্রপাত। ব্যোমকেশ শার্লক হোম্সের মত 'super human' নত্র। এরাকৃল পোয়ারোর মত 'মনস্তত্ব নির্ভর চিন্তাবিদ্' ও নয়। সে একেবার্ডই এই ক্রন্তুমির মধাবিত্ত, উদামী, যুক্তিবাদী, সূচিন্তক প্রতিভাবাদের সমন্বিতরপ। ভার শাশিত, অকথকে মন্তিষ্কটিতে যেভাবে মৌলিক ও উশ্লাবনী চিন্তায় ও সমাধানের সূত্র খেলা করে যায়, তাকে মধ্যবিস্ত বাঙালী সমাজ আগে দেখেনি। শরদিন্দুর অজিত চরিত্র ও ওয়াটসন অথবা হেন্টিংস এর প্রতিরূপ নয়। অজিত কল্পনা প্রবণ, অভ্যান, দরদী - মরমী দার্শনিক এবং ব্যোমকেশের প্রতিভার একনিষ্ঠ ভক্ত, -আৰু বল 'fan'। - অজিতের লেখার মাধ্যমেই ব্যোমকেশের সঙ্গে আমাদের পরিচয়। তবে 'শৈল রহস্য' 'বিশুপালবধ' প্রভৃতি বড়ো গল্পে অজিতকে সরিয়ে শরদিন্দু শেষ দিকে নিজেই কলম ধরেছেন, ব্যোমকেশ চরিত্র শরদিন্দুর জনপ্রিয়তম চরিত্র এবং বিক্তপালবধ' ব্যোমকেশ পর্বেই শেব ও অসমাপ্ত রচনা। এখানে লেখার style ও technique ও অনেক অপ্রভাক্ষ নিরপেক্ষ ও অভিনব হয়ে উঠেছে। ব্যোমকেশের উপন্যাসগুলি বিশ্লেষণ করলে দৃটি ভিন্নমুখী শ্রোত আমরা অনুভব করতে পারি। সভাত্রেধী, যে ক্রমাগত বৃদ্ধির খেলা খেলছে এবং ফাঁদ পাতছে অপরাধীকে মাত করতে এবং অপরাধী, যে বৃদ্ধি খটিচ্ছে তার অপরাধ মূলক চিন্তাকে সক্রিয় ও সাফল্যমন্ডিত করতে। নায়ক একজনই ব্যোমকেশ, সহনায়ক তথা supporter অজিত, খলনায়ক-খলনায়িকা প্রতিটি গল্পে বিভিন্ন এক বা একাধিক চরিত্র। প্রেম ভালোবাসা, দ্বন্দ্ব সংঘাত রোমান্স প্রিল সবকিছু এই গল্প গুলিতে মিলেমিশে রহসাজনক আবহ তৈরী করেছে। অন্যায়ের বিরুদ্ধে সতা তথা ন্যায়ের জয় হবেই — এটাই গলগুলির মূল theme। অন্যায় প্রাথমিক ভাবে সফল হলেও শেবরক্ষা – করতে পাত্রে না। অপরাধ প্রমাণিত হোক বা না হোক খলনায়ক কে বা কারা, বোমকেশের অপূর্ব বৃদ্ধিবলৈ তা চিহ্নিত হবেই।

অনুকৃপবাব্ (সভাত্রেবী ও করেন কবি কালিদাস) প্রফুলরার (পথের কাঁটা) থুড়ো মশাই দিগিন্দ্র নারারণ সিংহ (সীমন্ত হীরা) প্রতিবন্ধী যুবক ফণিভূষণ কর (অর্থমনর্থম), দেওয়ান কালীগতি (চোরাবালি), জামাই মণিলাল (দৃর্গরহস্য) ইত্যাদি বিভিন্ন গল্পে বিভিন্ন খলনারক বা নায়িকা বাবহৃত হয়েছে। নানা রকম স্বাদের খলনারক বা নায়িকা এবং বিভিন্ন পার্শ্ব চরিত্রের বৈচিত্রা ও নতুনত্বে এত্টুকু একঘেয়েমি আনতে দেরনা। একজন সার্থক অভিনেতা যেমন প্রতিটি চরিত্রের রূপদানের সময় নতুন নতুন সুপ্রযুক্ত ব্যক্তিত্ব ও style আমদানী করেন, শরদিন্দুর কর্নাও গল্পের ও চরিত্র সৃষ্টির

চমৎকারিত্বে ও নতুনত্বে প্রতিবারই অনাস্বাদিত ও অভূতপূর্ব হয়ে উঠেছে।

শরদিন্দু ভাবনায় তৃতীয় পর্যায়ে প্রকাশিত হয়েছে লেখকের সমৃদয় রোমান্টিক উপনাস দাদার কীর্তি, বিষের ধোয়া, ঝিলের বন্দী, ছায়াপথিক, বলুমনের ওপার হতে, রিম্বিম, রাজদ্রোহী, মনচোরা, অভিজ্ঞাতক ও শৈলভবন। এর মধ্যে যেমন আছে সাধারণ সহজ সরল বাঙালী ঘরোয়া পটভূমি (দাদার কীর্তি), তেমনি অসম্ভব অকল্পনীয় সব দৃঃসাহসিক পশাৎপট, (ঝিলের বন্দী)। স্থান-কাল-পাত্র অনুযায়ীরোমান্সের অভিমুখ, ধরণ ধারণ, আদবকাদয়া, আচরণ বিধি, প্রকাশভঙ্গিমা, সবই পাল্টেছে। সামাজিক,অর্থনৈতিক ও কালগত এবং স্থানগত পরিবেশ পরিস্থিতি মুখ্য ভূমিকা নিয়েছে এইসব উপন্যাসের চরিত্র সৃষ্টিতে।

শরদিন্দু অম্নিবাসের অন্যান্য দুতিনটি খন্ডে গোরেন্দা ও ইতিহাস আশ্রিত গল্পছাড়া বাকী সমস্ত ছোটগল্পের সংকলন রয়েছে। এই গল্পগুলি বিভিন্ন ধরনের। অলৌকিক হাসাকৌতুক, প্রেম এবং সামাজিক। যেমন প্রেতপুরী, ভালবাসা লিমিটেড, নাইট ক্লাব, তন্ত্রহরণ, দস্তক্রচি, মাৎস্যন্যায়, যন্মিন দেশে ইজাদি। প্রেতপুরী বোল বছর বয়সে 'পৃষ্পপাত্র' পত্রিকায় প্রকাশিত। শরদিন্দুর যেমন 'সভ্যান্ত্রবী' ব্যোমকেশ, তেমনি 'ভূতান্ত্রবী' বরদা চরিত্র। তাঁর ভূতুড়ে বাড়ির এ কল্পনা আশ্রয় করে কাহিনী 'প্রতিধ্বনি' ও 'অশরীরী'। 'শুন্য শুধু শুন্য নয়' ও 'সবুজ চশমা' fantacy জাতীয় রচনা । 'মায়াকুরঙ্গী' ও 'সতী' অতি, অলৌকিক কাহিনী। 'নিক্তবর' ও 'ফকির বাবা' occult জাতীয় গল্প। 'মরণ ভোমরা' ও 'রক্ত খাদক' ভৌতিক গল্প।

বাংলা সাহিত্যে শরদিন্দুর আর একটি অবদান হল কিশোর কাহিনী। 'ময়ুর
কূট', 'ঝিলম নদীর তীরে', 'উভর সংকট', 'সামন্তক', 'ভালুকের বিরে', 'পালা দিবীর
জোড়া রুই' ইত্যাদি প্রায় ২৪টি গল্প কিশোরদের জন্য লেখা। ছত্রপতি শিবাজীর খুদে
সাকরেদ 'সদাশিব' কে নায়ক করে তাঁর লেখা পাঁচটি বড়ো গল্প

সদাশিবের অগ্নিকান্ড (দু - খন্ড)

- " দৌডোদৌডি কাল্ড
- " হৈ হৈ কান্ড

এবং " ঘোড়া ঘোড়া কান্ড।

কিলোরদের জন্য লেখা প্রথম গল্প 'মোক্তার ভূত'। (২ রা পৌষ ১৩৩৯)। এই পর্যায়ের শেষ গল্প 'নন্দন গড়ের রহস্য'। (১১-ই শ্রাবণ, ১৩৭৬) – সদাশিবের পর্যায়ের আরও চারটি বড়ো গল্পের নামকরণ করেছিলেন শরদিন্দ্। কিন্তু সেগুলি লেখার আকারে সংগঠিত হতে পারেনি। খসড়া পর্যায়েই থেকে গেছে। এগুলি হল।

সদাশিবের রক্তারক্তি কান্ড

কেলেঙকারী কান্ড

বিদ্যুটে কান্ড মহামারী কান্ড।

শরদিন্দু লেখনীয় এই বিপুল জনপ্রিয়তার প্রধান বৈশিষ্ট্য হল, তাঁর অসাধারন বিচিত্র মূখী চিন্তাশক্তি, প্লটের বহুমূখীনতা, চরিত্রের অনবদ্য রকম ফের। বর্ণনার (narration) অনারাস প্রবহমানতা এবং ভাষা ও শব্দাবলীর 'প্রসাদগুণ', লেখনীর মৌলিকতা ও নিজস্বতা এবং উপযুক্তশব্দ প্রয়োগের কারুকার্য। তাঁর রচনা স্বচ্ছ সলিলা ঝরনার মতো, উপলবিক্ষৃদ্ধ, বন্ধুর, সমতল, শম্পশ্যামল বা উপজকা, সবকিছু মধ্যে দিয়ে বিচিত্র গতিতে বরে গেছে । রামধনুর সাত রং বিকীর্ণ করেছে। তাঁর লেখা কোথাও পৌনঃপুনিকতা বা একঘেরেঁমিতে আক্রান্ত নর। শরদিন্দু নিজে সবচেয়ে স্বাহন্দ ছিলেন ঐতিসাহিক উপন্যাস ও গল্পে। একথা তাঁরই জবানী থেকে আমরা জ্ঞানতে পারি। যদিও অন্য নানা ধরনের গল্প উপন্যাসও তিনি প্রচুর লিখেছেন। তাঁর ভাষা খাঁটি কলকান্তায়ো, যেমন তার আভিজ্ঞাতা, তেমনি তার কারিকুরি। প্রতিটি – গল্পই নতুনতর স্থাদ বহন করে আনে। সেখানেই জঁর নিজম্বতা ও সার্থকতা। প্রমধনাথ বিশীর ভাষায় "শরদিন্দু বাব্র প্রধান গুণ ঐতিহাসিক কল্পনা। বহু দুরকালের সামান্য ক্য়খানা ঘটনার কন্ধালের মধ্যে তিনি প্রতিভার মন্ত্রবলে প্রাণসঞ্চার করিতে পারেন।" যদিও ব্যোমকেশ কাহিনীই তাঁর জনপ্রিয়তম রচনা। গদ্য সাহিত্য ছাড়াও শরদিন্দ কমেকটি কবিঅসংকলন এবং নিজ কাহিনী অবলম্বনে সিনেমার চিত্রনাট্যও লিখেছেন। তবে তা সবিশেষ উল্লেখযোগ্য নয়। তৎকালীন সমাজ, পরিবেশ, যুগ, কালের পেকাপটে তিনি আধুনিক, আজও সমানভাবে তাঁর লেখা পড়তে আমাদের ভালো লাগে। আজও নবীন প্রজন্মের পাঠকদের কাছে তিনি একই ভাবে আদৃত। আজও তাঁর নানা গল্প উপন্যাস নিয়ে টিভি সিরিয়াল, সিনেমা হয়েই চলেছে। তাই তার বই বারং বার পাঠ করলেও একর্ষেরে লাগে না। তাই মনে হয় – গত শতাব্দীর অসম্ভব জনপ্রিয় এই কথাসাহিত্যিকের সৃষ্টি ও প্রতিভা নিয়ে কিছু ভেবে দেখা যেতে পারে।

# পাবলো নেরুদা ঃ কবি ও কাব্যিকতা

সৃপ্রিয় ধর ইংরাজী সাহিত্য বিভাগ

পাবলো নেরুদা চিলির জাতীয় কবি। নেরুদা জন্মেছিলেন ১২.৭.১৯০৪ গ্রীষ্টাব্দে, মারা যান ২৩.৯.১৯৭৩-এ। পাবলো নেরুদার আসল নাম নেকৃতালি রিকার্দা রেয়েজ বোসোয়াল্তো। পারালে তাঁর জন্ম। দক্ষিণ চিলির সীমান্তবর্তী একটি শহর তেমুকো। নেরুদার বয়স যখন দুই, বাড়ীর লোকদের সঙ্গে তেমুকো শহরে তিনি চলে যান। কৈশোর আর শৈশব নেরুদার ওখানেই অতিক্রান্ত হয়। জায়গাটি ছিল বনাঞ্চল, কিন্তু আরাউকো প্রদেশের ইন্ডিয়ানদের সঙ্গে একটি চুক্তি সম্পাদিত হওয়ার ফলে চিলির অনেকেই তখন ঐ অঞ্চলে বন কেটে বসত তৈরীতে হাত লাগিয়েছিল। নেরুদার বাবা নতুন নতুন এলাকায় রেললাইন বসানোর কাজে যুক্ত হন। চতুর্দিকে জঙ্গল, তারই মাঝে তরু হয়েছে চাষবাস আর পত্তপালন, বন্য প্রকৃতির রহস্যময়তা নেরুদার মনে গভীর রেখাপাত করে। প্রকৃতির মুক্ত আবহাওয়ায় ছিল না সমাজের কোন কুসংস্কার, ধর্মের কোন গোঁড়ামি। সর্বব্যাপ্ত সংস্কারমুক্ত আবহাওয়ায় নেরুদা নিশ্বাস নিয়েছেন, যা তাঁর পরবর্তী জীবনভাবনায় দীর্ঘ ছায়া ফেলেছিল। বোলো বছর বয়স পর্যন্ত নেরুদার দিন রান্তি অতিবাহিত হয় তেমুকোতে, যেখানে সাহিত্য সংস্কৃতির চর্চা ছিল না বললেই চলে। দশ বছর বয়সে নেরুদা কবিতা লিখতে তরু করেন। বোলো বছর বয়স পর্যন্ত বয়সদার অবস্থান ছিল তেমুকোতে।

সান্তিয়াগোতে নেরুদা যখন পা ফেলেন তখন তাঁর বয়স বোলো অতিক্রম করছে। পড়াশোনা করতে নেরুদা এলেন সান্তিয়াগোতে, আর ঠিক এই সময়েই নেরুদার পরিপূর্ণ কবি হিসেবে আত্মপ্রকাশ। বিভিন্ন পত্র পত্রিকায় একের পর এক ছাপা হতে থাকে নেরুদার কবিতা। নেরুদা কিন্তু পিতৃদন্ত নামে কবিতা লেখেননি। নেরুদার সময়ে চেকোশ্রোভাকিয়ায় একজন প্রতিষ্ঠিত লেখক ছিলেন। নাম – ইয়ান নেরুদা। নেরুদা উপাধি সেই সূত্রে। পাবলো নেরুদা তাঁর নিজের দেওয়া ছয়নাম।

পাবলো নেরুদার বয়স যখন কৃড়ি, ১৯২৪ গ্রীষ্টাব্দে, তাঁর দ্বিতীয় কবিতার গ্রন্থ প্রকাশিত হয়। কবিতার বইটির নাম 'কৃড়িটি প্রেমের কবিতা' (Veinte poemas de amor)। এই কাব্যগ্রন্থটি প্রকাশের সঙ্গে সঙ্গে নেরুদার কবি-কৃতি দেশব্যাপী ছড়িয়ে পড়ে। এর ঠিক অব্যবহিত পরেই প্রকাশ পায় তাঁর একগুছে কবিতা। ১৯২৭ থেকে তরু হয় নেরুদার বিছিয়ের জীবন। দীর্ঘ পাঁচবছর কখনো ব্রহ্মদেশ, কখনো রেঙ্গুন, কখনো কলমো তাঁকে ছুটে বেড়াতে হয় কৃটনৈতিক চাকরির দায়ভার সামলাতে। মাতৃভাষা স্প্যানিশে কথা বলতে পারছেন না। এমন কেউ নেই পাশে যার সাথে

নিজ্ঞর মাতৃভাবার মনের ভাব প্রকাশ করতে পারেন। বিচ্ছিন্নতা, একাকীত্বের দিন মাতৃভাব অভিজ্ঞতার ফসল 'পৃথিবীতে বাসা' (Residencia eu la tierra)। এই অব্যক্তরীর প্রথম খন্ড ১৯৩৩ খ্রীষ্টাব্দে স্পেনে প্রকাশ পার।

১৯৩৪ পাবলো নেরুদার কবিতার ইতিহাসে পালাবদলের এক নতুন অধ্যায়ের সুক্রমকা। নেরুদা চিলির কমাল পদে অধিষ্ঠিত হয়ে এই সময়ে স্পেনের বার্সিলোনা এবং পত্র মান্তিদে বসবাস করেছিলেন। এখানেই নেরুদার জীবনের এবং কবিতার ক্রমকল, নৃত্তিভঙ্গির পালাবদল ঘটতে শুরু করে। জনসাধারণের জীবন ও জীবন সক্রমের সঙ্গে সম্পৃক্ত থেকে কাব্যরচনায় ব্রতী ছিলেন একদল কবি যাদের সঙ্গে আটারই নিবিড় সম্পর্ক গড়ে উঠেছিল পাবলো নেরুদার। এই কবিগোষ্ঠাই নেরুদাকে ক্রমনীতি, সমাজ, দেশ ও দেশজ সমস্যা সম্পর্কে আকৃষ্ট করে তোলে।

এই কবিগোষ্ঠীর কেন্দ্রে ছিলেন ফেদেরিকো গার্ষিরা লর্কা, স্পেনের গৃহযুদ্ধে
কিনি নিহত হয়েছিলেন। লর্কার হত্যার বিরুদ্ধে নেরুদা প্রতিবাদে মৃথর হয়েছিলেন,
ভক্তকিত স্বরে আবেগময় প্রতিবাদ জানিয়েছিলেন, এবং তার ফলে কম্সালের পদ
হারাতে হয়।

কিন্তু থেমে থাকার মানুষ ছিলেন না নেরুদা। ১৯৪৫ খ্রীষ্টাব্দে নেরুদা চিলির আইনসভা সিনেটের সদস্যপদ পাবার যোগ্যতা অর্জন করেন এবং কমিউনিষ্ট পার্টিতে যোগদান করেন। কমিউনিষ্ট পার্টিতে যোগদানের ফলশ্রুতি হিসেবে সাধারণ মানুষ এবং শ্রমিক শ্রেণীর সঙ্গে তাঁর নিবিড় সখাতা গড়ে ওঠে, সাধারণ মানবের জীবনযন্ত্র ণার সাধী হয়ে ওঠেন। চিলির রাজনৈতিক আকাশে তখন আরেকটি ঐতিহাসিক ঘটনার কালো মেঘ। চিলির রাষ্ট্রপতি পূর্ব ইউরোপের বহু দেশের সঙ্গে সম্পর্ক ছেদ করেন। সাধারণ মানুষের স্বার্থের কথা একবারের জনাও ডিনি ভাবলেন না। নেরুদা নিশ্চপ হয়ে রইলেন না। প্রকাশ্যে রাষ্ট্রপতি ভিদেলার সমালোচনা করলেন। নেরুদাকে গ্রেণ্ডারের প্রঝৃতি গুরু হলো। আত্মুদোর্পন করলেন নেরুদা। আত্মুদোপন পর্বে সরকারের সমালোচনা করে নেরুদা লেখেন কিছু ছড়া। সেগুলি প্রাচীরপত্তে লেখা হয়ে মানুষের মূখে মূখে ছড়িয়ে পড়ে। বহু কবিতার তাঁর এই আত্মগোপন পর্বের ইতিবৃত্ত ধরা পড়েছে। স্বাদশে প্রভাবর্তনের পরে তিনি যেসব কবিতা লিখলেন সেই সব কবিতার বিষয়বন্তু, কবিতা লেখার ভঙ্গি, প্রকরণ অন্য সব কবিতা থেকে সম্পূর্ণ আলাদা। এই সময়ের কবিতায় নেরুদা অনেক স্পষ্টভাষী, উচ্চকিত। যা কিছু বলছেন সবই খুব উঁচ গলায় বলছেন, ফলত কবিজর ভাষাও বদলে গেলো। খনি মজুরদের বভিতে, রাজনৈতিক জনসভায় নেরুদা কবিতা পড়তে গুরু করলেন।

উচ্চকিত ভঙ্গিতে কবিতা লিখলেও প্রায় এই সময়েই নেরুদা সহজ, সরল ভাব ও ভাষায় কবিতা লিখলেন, যেসব কবিতায় সমারোহ নেই, শ্লোগানধর্মীতা নেই, উচ্চকণ্ঠের ভাষণ নেই। এইসব কবিতায় একটা সাংগীতিক আবহ ব্যাপ্ত হয়ে আছে। মতিলদে উক্ততিয়াকে বিয়ের পর নেরুদা লেখেন অজস্র প্রেমের কবিতা, যদিও বিয়ের আগেও তিনি প্রেমবিষয়ক অনেক কবিতা লেখেন। ১৯৫৭ খ্রীষ্টাব্দে প্রেমকে উপজীবা করে প্রকাশ পায় 'প্রেম বিষয়ক সনেটশতক' (Cien Sonetos de amor)।

জীবনের প্রতিটি বাঁকে নেরুদার কবিতা নতুন নতুন অভিজ্ঞতা, তাঁর বিভিন্ন দেশের স্রমণবৃত্তান্ত, রাজনৈতিক জীবনের নানা ঘাতপ্রতিঘাত এবং সর্বোপরি বাক্তিগত জীবনের সুথ দুঃখের কথামালায় একেবারে নতুন আঙ্গিকে প্রকাশ পায়। পঞ্চাশোত্তর হওয়ার পর থেকেই নতুন প্রকরণে এবং বিষয়বস্তুতে তাঁর কবিতা সমৃদ্ধ হয়ে ওঠে।

১৯৭০, চিলির রাজনৈতিক প্রেক্ষাপটে এক ঐতিহাসিক সন্ধিক্ষণ। সালভাদর আলেন্দে চিলির রাষ্ট্রপতি পদে অভিবিক্ত হলেন। নেরুদাকে ঐবছরই প্যারিতে রাষ্ট্রদৃত করে পাঠানো হয়। ১৯৭১ সালে পাবলো নেরুদা নোবেল পুরস্কার পান। এর অল্প কিছুদিন পরেই নেরুদা রাষ্ট্রদৃত পদে অবসর নিয়ে কৃষ্ণবীপে শান্তিতে অবসর জীবনযাপন করতে যান। কালবাাধিতে আক্রান্ত নেরুদা এখানেই তাঁর স্মৃতিকথার চূড়ান্ত রূপ দেবার প্রভূতিপর্ব শুরু করেন। স্প্যানিশ ভাষায় স্মৃতিকথার নাম Confiesoque he vivido: Memorias। স্মৃতিকথাটি ১৯৭৪ সালে নেরুদার মৃত্যুর পর প্রকাশিত হয়।

নেরুদা তথন মৃত্যুশ্যায়। চিলির কমিউনিষ্ট রাষ্ট্রপতি আলেন্দকে ক্ষমতাচ্যুত করতে দেশী-বিদেশী সাম্রাঞ্জাবাদের প্রভাক্ষা সমর্থনপৃষ্ট প্রতিক্রিয়াশীল শক্তির সমাবেশ ক্রমশ সংহত হচ্ছে। দৌবাহিনীতে বিদ্রোহ, সেনাবাহিনীতে বিদ্রোহ আলেন্দের শাসনব্যবস্থার ভিত্-কে নাড়িরে দিলো। আক্রান্ত হলো লা মোনেদা প্রাসাদ। বীরের মতো যুদ্ধ করে আলেন্দে মৃত্যুবরণ করেন। আলেন্দের মৃত্যুর বারো দিন পরে পৃথিবী হেড়ে চলে যান পাবলো নেরুদা। চিলিতে তথন জঙ্গী শাসন। কঠিন, কঠোর, অমানবিক জঙ্গী শাসনের নাগপাশের মধ্যেও নেরুদার শবযাত্রা দীর্ঘ থেকে দীর্ঘতর আকার নিয়েছিল। বলা যেতে পারে নেরুদার শবযাত্রাই জঙ্গী শাসনের বিরুদ্ধে চিলির মানুবের প্রথম সংগঠিত বিক্ষান্ত মিছিল। ক্ষিপ্ত জঙ্গী শাসকগোলীর ভাড়াটে গুন্ডার দল সান্তিয়াগোতে নেরুদার বাড়ী আক্রমণ করে। আন্তনের লেলিহান শিখার পূড়তে থাকে নেরুদার অসংখ্য বই, কবিতার পান্ড্রলিপি। যুগে যুগে ফ্যাসিন্তরা এভাবেই বই, দলিল দন্তাবেন্ড, তথ্যসমৃদ্ধ কাগন্তপত্র এবং শিক্ষাপ্রতিষ্ঠানে আগুন লাগার, আগুনের উৎসবে মেতে ওঠে, পূড়ে যার মানবসভাতার ইতিবন্ত।

আঙ্গিক ও বিষয়বন্ধুর ক্ষেত্রে নেরুদা সদা পরিবর্তনশীল থেকেছেন, এবং একারলে নেরুদাকে বলা হতে কবিতার পিকাসো। নেরুদা সাহিত্যের অনেক পরিমন্ডল ভেঙেছেন, ভেঙে আবার গড়েছেন। Residence on Earth রচনাটিকে সমালোচকরা বলেন্ডেন devastatingly pessimistic। তিনখন্ডে সমগ্র রচনাটি বিভক্ত। প্রকাশকাল যথাক্রমে ১৯৩৩, ১৯৩৫ ও ১৯৪৭। দেখা যাছে ছিতীয় ও তৃতীয় ভাগ প্রকাশের বাবধান বারো বছর। মধ্যবয়সী এক কবির হতাশা ও নৈরাশ্যের মান্তারপিস হলো Residence on Earth - (Residence en la tierra)। বিভিন্নভাবে, বিভিন্ন দেশে বইটির পান্ড্রলিপি হস্তান্তরিত হয়েছে, কিন্তু প্রকাশিত হয়নি। শেবে নেরুলার বাক্তিগত উদ্যোগে এবং চিলির পুরনো প্রকাশক নাজসিমেন্তো-র সহযোগিতায় মান্ত একশ বই প্রকাশ পায়। প্রকাশের সঙ্গে কবিতার জগতে একটি নতুন ধারা প্রকাশিত হয়, যা নেরাদিজিম (Neradism) নামে খ্যাত।

দিতীয় মহাযুদ্ধের দাদামা বেজে উঠলে নেরুদার কবিতা আন্তর্জাতিক পরিমন্ডল ত অভিজ্ঞাতার সমৃদ্ধ হয়ে ওঠে। ১৯৪২ সালের সেন্টেম্বর মাসে, মেক্সিকো সিটিতে এক জন সমাবেশে নেরুদা পাঠ করলেন Canto a Stalingrad বা Song of Stalingrad। দেশ ছেড়ে দেশান্তরে যেতে হয় নেরুদাকে, কিন্তু দেশতাদাের আসেই তৈরী হয়ে যায় নতুন আর এক কবিতা : New song of love to Stalingrad। এই পর্বের কবিতা সম্বন্ধে নেরুদা ঘোষণা করলেন : Poetry is like bread, and it must be shared by everyone, the men of letters and the peasants, by everyone in our vast, incredible, extraordinary family of man. I confess that to write simply was my most difficult task। ফেদেরিকো গার্সিয়া লোরকা, জর্জ গিলেন ও রাফায়েল আলবার্তি নেরুদার কবিতা সম্পর্কে বললেন প্রথম বান্তবতাবোধই তার কবিতার প্রামাণ্য শাসক চেতনা হিসেবে সক্রিয়। ফ্যাসিবাদ যে শিজের শক্র, মানবজাতির শক্র এই দ্বির বিশ্বাসে নেরুদা দ্বিত ছিলেন।

জাঁ পল সার্ত্রেকে ১৯৪৬-এ নোবেল প্রস্কার দেওয়া হলো, কিছু সার্ত্রে নেরুদাকে কেন নোবেল প্রস্কার দেওয়া হলো না এই প্রশ্নে প্রজাখান করলেন প্রস্কার। তবে নোবেল কমিটি শেষপর্যন্ত ১৯৭১ সালের ২২শে অক্টোবর পাবলো নেরুদাকে নোবেল প্রস্কারে ভৃষিত করে। ১৯৩৭ সালে নেরুদা পেয়েছিলেন আলিন প্রস্কার।

নেরন্দার কবিতা নিছক দেহচর্চা, নারীশরীরবিষয়ক কবিতা হিসেবে যেসব সমালোচক চিহ্নিত করতে সদা বান্ত, তাঁরা যে কডটা আন্ত তা নেরুদা নিজেই বাক্ত করেছেন: "আমি থিওক্রিটাস নই: আমি জীবন পেয়েছি, জীবনের মুখোমুখি দাঁড়িয়েছি, জয় করেছি, চুম্বন করেছি জীবন, তারপর খনির ভেতর দিয়ে গুহার মধ্যে হেঁটে গেছি, কেমন করে মানুষ জীবন প্রতিপালন করে তা দেখবার জনা..." "রাত্তে আমি কোন নির্জনতা অনুভব করিনা পৃথিবীর অন্ধকারের মধ্যে,

আমি মানুষ, সংখ্যাতীত মানুষ। আমার কঠন্বর হলো নির্ভার শক্তি

যা স্তন্ধতা অতিক্রম করে
অন্ধকারে জন্ম নিতে পারে।
মত্যু, যদ্ধনা, ছায়া, তুবার বৃদ্ধি
হঠাৎ শব্যবীজের উপর নেমে আসে।
এবং মানুষজাতি মনে হয় সমাধিস্ত।
কিন্তু শব্যকণা মাটিতে ফিরে আসে।
এর রক্তিম অশান্ত হাত
ভন্নতার মধ্যে ঢুকে যায়।

মৃত্যুর মধ্য দিয়ে আসে আমাদের পুনর্জন্ম।"

কমিউনিষ্ট কবি হিসেবে বিশ্বব্যাপী নেরুদার খ্যাতি আজ সর্বজনবিদিত। মানবতাবোধ তাঁর কবিতার গভীর ইংগিতবাহী। বলিষ্ট জীবনবোধ, উপনিবেশকতার বিরুদ্ধে সংগ্রামশীল মানবাঝার ইতিবাচক ঘোষণা নেরুদার কবিতার সক্রিয় রক্ষাক্বচ, স্তাক্র বিবেক। আন্তর্জাতিক সাহিত্যাকাশে পাবলো নেরুদা একজন বড় মাপের কবি হিসেবে স্বীকৃত, তিনি বৃত হয়েছেন স্পেনীয় ভাষায় কবিতা রচনার ক্ষেত্রে একজন মহান কবি হিসেবে। ফেদেরিকো গার্সিয়া লোরকা, জর্জ গিলেন ও রাফায়েল আলবার্তি নেরুদার কবিতা সম্পর্কে তাঁদের স্পষ্ট অভিমত জানিয়ে ঘোষণা করলেন: Constitutes without dispute one of the most authentic realities of poetry in the Spanish language today। অন্তেন এই সময়টাকে বলেছিলেন: 'hour of crisis and dismay' — এবং এরক্স সময়ে লোরকা প্রমুখ কবিদের অভিমত অবশাই সাহসী মনের পরিচয়জ্ঞাপক, সন্দেহ নেই। 'Here I am' — এই শিরোনামে পাবলো নেরুদার জবানবন্দী তাঁর কবিতা ও জীবনের এক জ্বন্স ভাষা।

Why Such harsh machinery?
Why, to write down the stuff
and people of everyday,

must poems be dressed up in gold, in old and fearful stone?

I want verses of felt or feather
Which scarcely weigh, mild verses
with the intimacy of beds
where people have loved and dreamed,
I want poems stained
by hands and everydayness.

Dont be afraid of sweetness.

With us or without us,
Sweetness will go on living
and is infinitely alive,
forever being revived,
for it's in a man's mouth,
whether he's eating or singing,
that sweetness has its place.

পাবলো নেরুদার কবিতার সামগ্রিক চেহারাটা সম্ভবত এই কয়েকটি পংক্তির মধ্যে দৃষ্টান্তিত হয়ে আছে। নেরুদার যে কবিতাটি থেকে পংক্তিগুলো উদ্ধৃত হলো সেই কবিতাটির নাম Sweetness, Always। অনুবাদক Alastair Reid। মনোযোগী, উৎসাহী পাঠক জীবনবাধ, মানসিকতা, প্রকাশভঙ্গী, কবিতার শরীরে কাব্যিক আবহনির্মান ইত্যাদি অতি প্রয়োজনীয় বিষয়ে সম্পূর্ণ ভিন্ন মেরুর কবি রবার্ট ফ্রন্ট-এর Provide, Provide নামক কবিতাটির সঙ্গে নেরুদার Sweetness, Always-এর জীবনবােম্বের একটি তুলনামূলক আলোচনায় রতী হতে পারেন। সাহিত্যে এরকম সেতৃ পারাপার, সেতৃ নির্মান চলেছে আবহমানকাল ধরে নিরন্তর, নিরবধি। "Better to go down dignified" - রবার্ট ফ্রন্ট Provide, Provide, -এর কবিতার এই পংক্তিটিতে পাবলো নেরুদার জীবন, জীবনদর্শন এবং কাব্যিকতার ইতিহাস বিধৃত হয়ে আছে। এভাবেই বােধহয় একজন কবি অজান্তে আরেকজন কবির জীবনভাষ্য রচনা করে যান।

### সংকারাঃ

হেমন্ত ত্ৰিপাঠী সংকৃত সাহিত্য বিভাগ

সংকার শব্দ সম্- উপসর্গপূর্বক কৃ-ধাতোঃ ঘঞ্ প্রত্যায়েণ নিম্পণ্ডিঃ জায়তে । যস্যার্থঃ পরিষ্কনণমান্তি । ইয়ং পরিষ্করণম্ ন কেবলম্ শরীরস্য অপিতৃ আত্মিকল্যাণায় ব্রিরমানং ধার্মিক বিধিবিধানম্ অন্তি । তন্মাত্ সংকার পদেন শিক্ষা, সংকৃতি, প্রশিক্ষণম্, তদ্ধিঃ, পরিছরণম্, আভ্ষণম্ ইত্যাদরঃ অর্থাঃ সংগৃহাত্তে । উচাতে চ "আত্মশরীরান্যতরনিঠো বিহিত ক্রিরাজন্যেততি।শয় বিশেষঃ সংকার"।

# সংকারাণাম্ প্রয়োজনম্

সংকারেনৈব শিশো মানবভায়াঃ প্রথমোতৃবোধঃ জায়তে । সংকারবিধিনা মনুষ্য সংস্তো ভবতি মনুষ্স্য সমগ্থ জীবনমভিব্যাপ্য সংকারাঃ প্রতিতা সন্তি। সংকারাণামনুষ্ঠাণেন মনুষ্যম্য মনসি পবিত্রতাভাবঃ আগছেতি । যথা দৃষিতজ্বস্য সংকারক দারা সর্বত্র বিনিযোগঃ সম্ভবতি তথৈব সংকারা ণামনুষঠাণেন মনুষ্যস্য সর্বেষু কর্মধৃ অর্হতা আগচ্ছতি । সংস্কারঃ আত্মাভিব্যন্তে মাধ্যমো ভবতি । সংস্কারাণাং ভৌতিকমুদেশ্যং নি -ধান্য পত - সম্ভানদীর্ঘজীবন - সম্পত্তি - সমৃদ্ধি - বৃদ্দিরু চ অন্তর্নিহিতং ভবতি । সংকারণামনুষ্ঠানেন মনসি দয়া - অস্য়া -কমা-শৌচ - অনার্জভাবাঃ আগচ্ছত্তি । তদ্পরিণামরূপং চ মনুষ্যস্য ব্যক্তিত্বং নির্মিতং थवि । सनुना<sup>()</sup> - "এতन्त्रिन् विषद्य উरू

देविनिदेकः कर्मीछः शूरैनानित्यकानिर्विजनानाम् । কার্যঃ শরীরসংস্কারঃ পাবণঃ প্রেত্যকেহ চ।।

অর্ণাং (এবেদম্লত্ট্রিভিকেঃ পুন্যৈঃ ওতৈর্মন্ত যোগাদিকর্মডিঃ বিজ্ঞাতীনাং গর্ভধানাদিশারীর সংস্থারঃ কর্তব্যঃ । পাবনঃ পাপক্ষয় হেড়ঃ । প্রেত্য পরলোকে সংস্কৃতম্য যাগদিফল সম্বন্ধাৎ । ইহলোকে চ বেদাধ্যয়নাদ্যধিকারাদ্ এব । সংক্ষারঃ ভবতি ষোড়শবিধাঃ। তে যথা

- (১) গর্ভাধানসংস্থারঃ (২) পুংসবন সংস্থারঃ
- (৩) সীমন্ডোলুয়ন সংকারঃ (৪) জাতকর্মসংকারঃ
- (৫) নামকরণসংক্ষারঃ (৬) নিজ গণসংক্ষারঃ (৭) অনুপ্রাশনসংক্ষারঃ
- (৮) চূড়াকরণসংক্ষারঃ(৯) কর্ণডেদসংক্ষারঃ
- (১০) উপনয়ন সংকারঃ (১১) বিদ্যারশ্বসংকারঃ (১২) সমবর্ত্তনসংকারঃ (১৩) বিবাহসংক্ষারঃ (১৪) বানপ্রস্থসংক্ষারঃ (১৫) সন্মাসসংক্ষারঃ (১৬) অন্তোষ্ঠিসংক্ষারঃ

(১) গর্ভাধানসংক্ষার ঃ

যশ্মিন কর্মনি পুরষঃ দ্রীয়োনৌ ক্লেত্রে স্ববীজস্থাপনং করোতি তদেব কর্ম গর্ভাধাননামা পরিচীয়য়তে । যথোক্তং বীরমিত্রোদয়স্য সংক্ষারভাগে (০) গর্ভ আবীষতে যে ন কর্মনা । অতঃ গর্ভধানং তস্য নাম । যথা " নিষিক্রো যন্ প্রয়োগেন গর্ভঃ সংধার্যতে দ্রিয়া ।
তত্কর্মসম্ভবং নাম কর্ম প্রাপ্তং মনীষিভিঃ ।।

(২) পুংসবনম্-সংকার ৪

গর্ভধারনস্য নিচিয়ানন্তরং গর্ভস্থ নিশোঃ পৃংসবনাসংস্কারঃ ক্রিয়তে । পৃংসবনসংস্কারানুষ্ঠানস্য অয়মেবাডিপ্রায়ো ভবতি যৎ " পুমান্ যেন সংস্কারেন জায়তে তৎ পৃংসবনম্ "। যথোক্তং শোনকেন (a) " পুমান্ প্রস্থতে যেন কর্মনা তৎ পৃংসবনমীরিতম্ ।"

- (৩) সীমন্তোনুয়নসংকারঃ
  সীমন্তোনুয়ন সংকারস্য স্বরূপং নিবন্ধকারৈঃ প্রতিপাদিতম্ যথা (৫) "সীমন্ত উন্নীয়তে
  যন্মিন কর্মনি তৎ সীমন্তোনুযমিতি কর্মনামধেয়ম্ । যাজ্ঞবন্ধেন (৬) উল্ডঃ 'ষঠেঅইমে বা সীমন্তঃ।
- (৪) জাতকর্ম সংকার ঃ
  জাতকর্ম সংকারস্যার্থঃ জাতস্য শিশোঃ কর্মসংকারো জাতকর্ম ইতি ।
  মাতৃগর্ভাৎ সদ্যো জাতং শিশুং দৃষ্টা স্বপিতা তস্য রক্ষার্থং কিঞ্জিৎ কর্ম করোতি ।
  বিষ্ফুনা (१) উক্তঃ " জাতকর্ম ততঃ কুর্বাৎ পুত্রে জাতে যথোদিতম্ ।
- (৫) শামকরণ সংকার ঃ

ব্যাক্তিগত নামানুসারেণ ব্যাক্তিঃ স্বকর্মানুতবং করোতি । নামাকরণসংস্কার ধার্মিকঃ আবশ্যকন্ট । নামেব মনুষ্যস্য কীর্তিঃ লভতে তর্হি নামাকরণ সংক্ষারস্য প্রয়োজনং বহুপত্তিতাঃ স্বীকৃতম্ । গৃহ্যসূত্রানুসারেন শিশোঃ নামকরণং দশমদিবসে ক্রোন্স নিবসে ভবেং ।

(b) <u>নিক্রমন সংকার ৪</u>

শিতনাং শৈশবকালস্য প্রত্যেকং ক্ষণমূলতেঃ প্রতীকরূপম ।

অত্পিতৃবকুপরিবারাণাং চ হর্ষানন্দ স্যাবসরে ভবতি প্রত্যেক ধার্মিক সংস্কারা

অনুতানম্। প্রসৃতি গৃহস্য কার্যকাল সমাপ্তানস্তরং শিশোঃ বাহাজগতঃ সংসারস্য

চ দর্শনায় বর্হীনক্রমনং ভবেত । তস্মিন্ সময়ে শিশোঃ রক্ষার্থং দেবতার্চ্চনাদি কর্ম কর্তব্যম্। অস্য বিধিবিধানং বহুপ্রাচীনকালাৎ ভবতি । পারস্করগৃহ্যসূত্রে (৮) 'তচ্চক্ষ্মের্ব হিতম্' ইতি সামান্যমন্ত্রানাং প্রয়োগঃ দৃশ্যতে । চতুর্থেমাসি নিক্রমন সংক্ষার করনীয়ম্ ।

#### (৭) অনুপ্রাশন সংস্কার ঃ

অনুপ্রাশন সংকার শিশু জীবনস্য একং মহত্বপূর্ণং সোপানম্ । জন্মন আরভ্য মাতৃঃ স্তন্যপানং কৃত্বা জীবনযাপনং করোতি । যঠে সপ্তমি মাসি বা শিশুঃ শরীরপৃষ্ঠার্থমন্নং ভূঙ্ভে গৃ্থুতঃ (১) কথ্যতি — " বন্নাসঞ্চৈনমন্নং প্রাশয়েরুধু হিতঞ্চ "

#### (৮) চুড়াকরণসংক্ষার ঃ

ধর্মশান্ত্রনিরমানুসারেণ ব্যক্তেঃ দীর্ঘায়ৄঃ সৌন্দর্যঃ ক্ল্যানাদীনামভিবৃদ্ধ্যর্থময়ং
চূড়াকরণসংস্কারো ভবতি(২০) । চূড়াকরণশনঃ কর্মনামধের্যম্ । চূড়ায়ঃ করণম্,
চূড়ার্থং করণম্, চূড়া ক্রিয়তে ইতি যন্মিন্ । চূড়াকরণংনাম চৌলকর্ম, চূড়াকরনং
ধার্মিকং দীর্ঘায়ুয়ুক্তং চ ভবতি । যদি চূড়াকর্ম ন স্যাৎ তহি আয়ৄঃক্লয় ভবতি ।

## (৯) কর্ণভেদ সংকার ঃ

কর্ণভেদ সংস্কারঃঅতীব প্রাচীনকালাদ্ প্রচলিত । অলভারাদীনাভ্ষনামাং ধারনার্থমঞ্চাচ্ছেদনমাবশ্যকম্ । কর্ণয়োঃ সৌন্দর্যবর্জনার্থং কর্ণভেদনমাবশ্যকম্ । বহুকালাদ্ প্রচলত্যেব । ধার্মিকদ্ট্বা রোগাদিভ্যঃ মুক্ত্যর্থং কর্ণচ্ছেদন মাবশ্যকম্ । যথোকং সুক্রতেন (২২) ।

## (১০) উপনয়ন সংকার ৪

বালকস্য পিতা বালকং নীত্বা গুরোঃসমীপং গচ্ছেৎ । তত্র গুরুঃ তমুপনীয় স্বগৃহে স্থাপয়েৎ । অর্থবিবেদে অস্মিন্ বিষয়ে উচাতে (১২) যথা - "উপনীয়মানো, ব্রস্মচারিণম্" ব্রাক্ষণাদি - প্রভৃতিবর্ণনাং উপনয়নসংস্কারঃ ভবতি । ব্রাক্ষনস্য অষ্টমবর্ষে উপনয়নস্য মৃধ্যকালঃ ।

### (১১) বেদারম্ভ সংক্ষার ঃ

গৌতমঃ সংস্কারের বেদারন্তং স্বীকরোতি । সঃ চত্বারি বেদব্রতানি স্বীকরোতি । তদেব আশ্বলায়নেনাপি (>০) অন্যথা স্বীকৃতম্ । অয়ং সংস্কারঃ কেবলং বিজেভ্যঃবিধিয়তে । উপনয়নানন্তরমেব পবিত্রতমগায়ত্রী মন্ত্রাধ্যয়নেন সাকং বেদাধ্যমনং প্রারভ্যতে ।

#### (১২) সমাবর্তন সংকার ঃ

সমাবর্ত্তনশনস্যার্থঃ মিত্রমিশ্রেন (১৪) স্পন্তীকৃতঃ । যথা - তত্র সমাবর্ত্তনং নাম বেদাধ্যয়নানন্তরং গুরুচকুলাদ্ স্বগৃহাগমণম্ । ব্রহ্মচর্ষমেকং দীর্ঘসূত্ররূপং ভবতি ।

#### (১৩) বিবাহসংস্কার ঃ

মানবস্য সম্পূর্নজীবনস্য সংস্কারক্ষেত্রং ভবতি । এতেন সংস্কারেণ গার্হস্থাজীবনং পরিপাদ্যতে । ঋক্বেদে<sup>(১৫)</sup> অথর্ববেদে<sup>(১৬)</sup> চাস্য স্পষ্টাভিব্যক্তিঃ প্রাপ্যতে । পিতৃঋণপরিশোধনার্থং বিবাহসংস্কারস্য আবশ্যকতামন্তি ।

#### (১৪) বাণপ্রস্থার ঃ

পঞ্চবিংশতিবর্ষপর্যন্তং গৃহস্থ্যশ্রামে নিবাসং কৃত্য মানবো নিবৃত্তিমার্গং প্রতি গস্তুমিচ্ছতি । ধর্মস্য মোক্ষস্য সাধনার্থমন্মিল্লাশ্রমে প্রবিশতি মনুষ্যঃ। তদর্থং অরন্যং গত্যা চিন্তং করোতি ।

#### (১৫) সন্যাস সংকার ঃ

পঞ্চবিংশতিবর্ষপর্যন্তং বাণপ্রস্থাশ্রামে জনঃ সন্ন্যাসাশ্রমে প্রবিশতি । সন্ন্যাসমার্গে পুরুষঃ লোকে সর্বানি বস্তুনি পরিত্যজ্ঞা লোককল্যানকার্যেষু নিরতঃ সন্ স্বজীবন্যাপনং করোতি ।

# (১৬) <u>অন্তোষ্টিসংকার</u>ঃ


হিন্দুজীবনস্যান্তিমসংকারো ভবতি অন্তোষ্টিঃ যেন সংকারেণ সহ তস্যান্তি মজীবনং সমাপ্যতে । অত্মাদ্ সংকারাদ্ প্রস্থানানন্তরং পরলোকগতাং গতিং সম্যক্ বিচিন্ত্যাধ্মন্তিসংকার ক্রিয়তে ।

বৌধাযনাপিতৃমেধসূত্রে (২৪) উচ্যতে "জাতসংস্কারেন ইমং লোকমথিযজতি, মৃত সংকারেন অমুং লৌকম্ " । অতঃঅস্য সংকারস্য অনুষ্ঠানং সাবধানতয়া ক্রিয়তে ।

#### णिश्रनी ३-

- ১। মনু স্মৃতি ২/২৬
- २। क्वक २/२७
- ७। वी.मि. मध् ख ., পृ १ ১৪১
- 8। रेननकः, मर थ. न् १ ১७७
- ए। वी. मि मध् ख . श् ১१२
- ७। याख्य न्यृष्ठि ১/১১
- १। विख्. न्यृष्ठि शृह ১৮१
- ৮। भा, ग्. म् 3/39/8-৫
- ৯। সূক্রতে , শরীরস্থানে, ১০/৬৪
- ১০। আৰ. গৃ. সূ, ১/১৭/১২
- ১১। সৃশ্রুতঃ, শরীরবস্থানে-১৬/১
- ১२। जर्थर्वत्वरम, ১১/৫/৬
- ১৩। আশ্ব. গ্. সৃ , প্ ৬৩
- ১৪। वी. मि मर ख, शृ १७८
- ३৫। बारचाम, ३०/४०
- ১৬। व्यथनंतिम, ১৪/১/২
- ১৭। व्हो.शि.स्म. मृ ७/১/८

Section II Social Science



# VALUE OF PHILOSOPHY

Dr. Aditi Bhattacharya Dept. of Philosophy

P - Profoundity

H - Humanity

I - Ideology

L-Love

O - Originality

S - Speculation

O - Orientation

P - Possibility

H - Holisitic

Y - Yet to be found

I was pondering over how to start my essay on the value of philosophy. My little daughter while flipping through the pages of her chemistry book suddenly took her pen and playfully wrote down something on my copy. I found that in her playful mood she had analysed the word 'philosophy' in the above way. To my surprise I discovered that my daughter had written those very words which are considered as the 'Key words' of philosophy and they also reveal the uniqueness of philosophical knowledge. I got the idea how to unwrap the hidden treasures of philosophy.

The etymological meaning of the word 'philosophy' is 'love for knowledge' — it aims at knowledge which gives unity and system to the body of sciences. That is why it is known as the 'Mother of all sciences'. The approach of philosophy is speculative while that of science is factual. Speculative approach is based on guessing, that have been formed without knowing all the facts. The task of philosopher is to keep alive that speculative interest in the universe which is apt to be killed by confining ourselves to the definitely ascertainable knowledge based on facts. Science has to borrow this speculative approach of philosophy in order to

widen its spectrum. Concentration on truths based on facts poses a 'limit' to the science, so it has to cross this limit. By forming 'hypothesis' it goes beyond the limit and thus steps into the speculative world of philosophy. Science is also indebted to philosophy for the basic logical laws like 'Law of Identity', 'Law of Contradiction', 'Law of Exchuded Moddle' etc. which form the basis of any sort of scientific enquiry. Moreover, philosophy examines critically the principles employed in sciences, the essential characteristics of philosophy is criticism and it teaches science to be critical in its approach.

The questions raised by philosophy are profound and original. 'Is the universe a dance of blind atoms or there is a difinite plan or purpose behind it?'; 'Is consciousness a transitory accident on this small planet of ours or is it a permanent feature of the universe?'; 'Have good and evil any significance for the universe or only for the man?'; 'Is there anything like providence to guide us?' etc. For all these questions definite answers are yet to be found. Philosophy is interested not in the definite answers to these questions but simply in raising these sort of profound questions.

Philosophy increases our knowledge of what the things may be — it leads us to the world of possibilities. It keeps alive our sense of wonder by revealing familiar things in an unfamiliar aspect. As soon as we begin to philosophise we find that even the most familiar things of our everyday life, lead to problems quite unknown to us. Bertrand Russell in the first chapter of his famous book <a href="The Problems of Philosophy">The Problems of Philosophy</a> illustrated how our most familiar object like table, when philosophically analysed opens up innumerable possibilities finally leading to the profound question of appearence and reality.

Philosophic contemplation keeps our intellect free. It teaches us freedom and impartiality in the world of action and emotion. We can very well remember Tagore's reaction against the 'Swadeshi movement of abandoning foreign goods'. Even being a great sympathiser of swadeshi movement and connoisseur of the production of swadeshi

goods he had the free vision to recognise the danger involved in the movement --- the poor people of our country would be forced to buy swadeshi goods much more costly than the cheap foriegn goods available in the market in those times. Jean Paul Sartre's reaction against French colonialism in Algeria is another example of free thinking and impartial vision. In spite of being the supporter of communist idealogy, Sartre did not hesitate to raise his voice against the colonial policy of the communist government of France and for this protest he had to suffer a lot both inside and outside France.

Philosophy is an orientation of mind which we have to learn. The approach of philosophy is holistic. It teaches us to treat everything as part of a whole and tells us knowledge is nothing but the 'enlargement of the self'. It makes us 'citizens of the universe'. It urges us to start from the not-self, that is denial of self-interest, leading to the expansion of self. We have to forget our 'smaller I' and endeavour to enliven the 'greater I' within 'us'. And it is by this endeavour we can enbrace the humanity as a whole within the fold of our smaller being. It is this holistic spirit that urged Albert Einsteir to protest against carrying out the research on atomic explosion in the Manhattan Project in U.S.A. before the out-break of 2nd world war. The scientists engaged in that great research project were solely interested in the scientific advancement, but Einstein cautioned them. He apprehended that the findings of their valuable scientific research might be mishandled by the American Govt. as a weapon in their war against opposite power. We all know how his apprehension because tragically true. The whole world witnessed the great disaster in Herosima and Nagasaki caused by the explosion of atom bombs by U.S.A.

From the above analysis of the basic features of philosophy we can see that philosophy enlarges our intellectual imagination and inspires us to deal with the problems which are yet-to-be-known. It also expands our self by instilling in us the spirit of humanity. And it is exactly here lies the value of philosophy.

# PROSPERING THAILAND - INDIA ECONOMIC PARTNERSHIP

Tuhina Sarkar Dept. of Political Science

The resurgengce of Thailand-India economic relationship is one of the most significant events in the contemporary period between the two nations. It is a renaissance that is not only taking place with the transformation of Asia but also throwing open new opportunities to millions of people on both countries in this vast region to build a safer, more prosperous and freer world.

Thailand and India could collaborate more and become partners in several new initiatives despite an ongoing global financial crisis, the biggest ever probably in living memory, to help the unfolding of prospects and uncertainties in Asia and the world.

Today, both Thailand and India share common interests that extend far beyond day-to-day business. The best way to address this partnership is to take a long term view and a new shape of things to come. A long term in the sense that bilateral ties have long been intertwined in the context of history, culture, religion as well as language where Thailand has much inherited from India, directly or indirectly. The Royal Thai Embassy, New Delhi, in collaboration with the Indian Council for Cultural Relations (ICCR) and Thammasat University, organized the seminar on "Indo-Thai Historical and Cultural Link ages' under the theme of 'Reflections on Indo-Thai Historical and Contemporary Cultural Relations, at Thammasat University in Bangkok during 7-8 July 2008. The seminar aimed at fostering a better understanding of the long-standing Indo-Thai historical and cultural relations and enhancing people-to-people contact between the people of Thailand and India, which is an

integral component of Thailand's cultural diplomacy.

